৪৭
দৈনিক ইত্তেফাক
তারিখ ...19.OCT.1998 ...
পৃষ্ঠা ১৮ কলাম ৭

# ফেব্রুয়ারীতে মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া শুরু হইবে

আনোয়ার আলদীন ॥ আগামী ফেব্রুয়ারীতে দেশের মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তি প্রক্রিয়া শুরু হইবে। মেডিকেল কলেজে ভর্তি শুরু হইবে ফেব্রুয়ারী মাসে। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) মার্চে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে জুনে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে এপ্রিল মাসে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলিতে আগামী শিক্ষাবর্ষে কবে নাগাদ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে তাহা নির্ধারণের জন্য ২২শে

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## ফেব্রুয়ারীতে (শেষ পৃষ্ঠার পর)

অক্টোবর সভা আহ্বান করা হইয়াছে। জানা গিয়াছে, গত ২৪শে সেপ্টেম্বর এইচএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়। এই পরীক্ষায় ৫টি শিক্ষাবোর্ড হইতে ২ লক্ষ ২০ হাজার ৭৪৮ জন ছাত্র-ছাত্রী পাস করে। তাহারা এখন কলেজ-বিশ্ববিদ্যালয়ে ভর্তির অপেক্ষায় প্রহর গুনিতেছে। এদিকে দেশের মেডিকেল কলেজসমূহে বর্তমানে ১৪৫০টি আসন, বুয়েটে প্রায় ৮০০, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪০০০, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে প্রায় ৮০০০ এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়ে অনুরূপ সংখ্যক ভর্তির আসন রহিয়াছে। কলেজগুলিতে অনার্স ও মাষ্টার্স ভর্তিতে আসন সংখ্যা প্রায় দেড় লক্ষ। গত শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়া ইতিমধ্যে সম্পন্ন হইয়াছে। কলেজগুলিতে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া এখন সমাপনের পথে।

জানা যায়, দেশের কলেজ-বিশ্ববিদ্যালয়ে জানুয়ারীর মধ্যভাগ হইতে শেষ সপ্তাহ পর্যন্ত ঈদুল ফিতরের বন্ধ থাকিবে। ক্লাস শুরুর পর ফেব্রুয়ারীতে ভর্তি প্রক্রিয়া শুরু হইবে। ইতিমধ্যে আসন্ন কলেজ-বিশ্ববিদ্যালয়ের ভর্তিকে কেন্দ্র করিয়া কোচিং ব্যবসা জমজমাট হইয়া উঠিয়াছে। শহর-নগরের অলিতে-গলিতে ব্যাঙের ছাতার মত কোচিং সেন্টার বসিয়াছে।